www.printo.it/pediatric-rheumatology/BD/intro

# ড্রাগ থেরাপি

বিবরণ 2016

## হাইড্রোক্সিক্লোরোকুইন

### বর্ণনা
এটা সাধারনত ম্যালেরিয়ার জন্য ব্যবহৃত হয়। এটা সাধারনত প্রদাহের বিভিন্ন প্রক্রিয়াকে ব্যাহত করে।

### ঔষধ এর মাত্রা/দেওয়ার ধরন
দিনে একবার ট্যাবলেট হিসেবে খাওয়া যায়, সর্বোচ্চ ৭ মিঃগ্রাম/কেজি/প্রতিদিন, খাবারের সাথে অথবা দুধের সাথে।

### পার্শ্ব প্রতিক্রিয়া
এটা সাধারনত ভাল সহ্য হয়। বমি বমি ভাব হতে পারে কিন্তু অত বেশী নয়। বেশী গুরুত্বপূর্ণ হচ্ছে চোখের উপর পার্শ্ব প্রতিক্রিয়া। এই ঔষধ চোখের রেটিনাই জমা হয় এবং ঔষধ বন্ধ করার পরও অনেকদিন রেটিনাতে রয়ে যায়। অনেক সময় চোখ অন্ধ হয়ে যেতে পারে যদিও তার সম্ভাবনা খুবই কম, এমনি ঔষধ বন্ধ করার পরও হতে পারে। যাইহোক অল্প মাত্রার ঔষধ এ চোখের এই সমস্যা খুবই বিরল।
এই জটিলতা তাড়াতাড়ি ধরা পরলে ঔষধ বন্ধ করার মাধ্যমে তা প্রতিরোধ করা যায়। মাঝে মাঝে চোখ পরীক্ষা করতে হবে। রিউমাটিক রোগের ক্ষেত্রে চোখ পরীক্ষার প্রয়োজনীয়তা নিয়ে বিতর্ক রয়েছে যেহেতু তা খুবই অল্প মাত্রায় ব্যবহৃত হয়।

### প্রধান রিউমাটিক রোগসমূহ যাতে এটা ব্যবহৃত হয়।
জুভেনাইল ডার্মাটোমায়োসাইটিস
জুভেনাইল সিস্টেমিক লুপাস ইরাইথেমেটোসাস